গাংনীতে পিএসকেএসের দুই দিন ব্যাপি অনাবাসিক প্রশিক্ষণের উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সমন্বিত কৃষি ইউনিটভূক্ত প্রাণিসম্পদ উন্নয়ন কর্মসূচির আওতায় পিএসকেএস খামার ও প্রশিক্ষণ কেন্দ্রে ২৫ জন খামারি নিয়ে ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে বিফ ক্যাটল ফ্যাটেনিং এর উপর দুই দিন ব্যাপি অনাবাসিক প্রশিক্ষণ আয়োজন করা হয়।

উক্ত প্রশিক্ষণে গরু মোটাতাজা করণের উপকারিতা, কিভাবে অল্প খরচে গরু মোটাতাজা করা যায়, গরু মোটাতাজা করণের জন্য গরু সুষম খাদ্য ব্যাবস্তাপনা কিভাবে করতে হয়, গরু মোটাতাজা করণের চ্যালেঞ্জ সমূহ সহ ইত্যাদি আনুষঙ্গিক বিষয়ে খামারিদের অবহিত করা হয়।

এছাড়াও গবাদিপশু পালেনের উপকারিতা, এর বিভিন্ন সংক্রামক রোগ (এফএমডি, তড়কা, এলএসডি) ও তার প্রতিকার, নিয়মিত কৃমিনাশক প্রদানের উপকারিতা, এন্টিবায়োটিকের যথাযথ ব্যাবহার রোধ, এফএমডি, তড়কা রোগের ভ্যাকসিন প্রদানের উপকারিতা সহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে গঠনমূলক আলোচনা করা হয়। প্রশিক্ষণে খামারিদের হাতে কলমে কিভাবে ইউরিয়া মোলাসেস স্ট্র তৈরী করতে হয় তা শেখানো হয়।

এসময় খামারিদের সংস্থার চলমান বিভিন্ন সেবামূলক ও সমন্বিত কৃষি ইউনিটের চলমান বিভিন্ন প্রদর্শনী সম্পর্কে প্রশিক্ষণার্থীদের অবহিত করা হয়।

এসময় উপস্থিত সফল খামারী মোছাঃ জামেনা খাতুন নামে একজন খামারি জানান তিনি ২০২৩-২৪ অর্থ বছরে পলাশীপাড়া সমাজ কল্যান সমিতি থেকে ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে বিফ ক্যাটল ফ্যাটেনিং এর উপর একটি প্রদর্শনী পেয়েছেন। এর দ্বারা ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে গরু মোটাতাজা করণের পাশাপাশি কেঁচো সার উৎপাদনের মাধ্যমে আগের থেকে অধিক লাভবান হচ্ছেন বলে তিনি জানান।

উক্ত প্রশিক্ষণে রিসোর্স পারসন হিসাবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা ভেটেরিনারি সার্জন ও পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির

সমন্বিত কৃষি ইউনিটের প্রাণীসম্পদ কর্মকর্তা ও উপসহকারী কর্মকর্তা বৃন্দ। উক্ত প্রশিক্ষণে আরও উপস্থিত ছিলেন সংস্থার সহকারী পরিচালক (প্রশিক্ষণ) মোঃ সাইফুল ইসলাম।

এই প্রশিক্ষণ আয়োজনে আর্থিক ভাবে সহোযোগিতা করেছে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।